# সেনাসদর, ই ইন সি'র শাখা

# পূর্ত পরিদপ্তর, ঢাকা সেনানিবাস

# ঢাকা-১২০৬

# নিয়োগ বিজ্ঞপ্তি

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস)-এ নিম্নবর্ণিত শূন্য পদসমূহে নিয়োগের জন্য বাংলাদেশের যোগ্য নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ১। | সহকারী প্রকৌশলী বি/আর<br>Assistant Engineer (B/R)<br>জাতীয় বেতন স্কেল, ২০১৫<br>২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড) | ১৫ (পনের) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুরকৌশল বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি অথবা পুরকৌশল বিষয়ে এসোসিয়েট মেম্বারশিপ অব দি ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স (এএমআইই) এর পার্ট 'এ' ও 'বি' পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) ইঞ্জিনিয়ার ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি) এর নিবন্ধিত সদস্য হতে হবে। |
| ২। | সহকারী প্রকৌশলী ই/এম<br>Assistant Engineer (E/M)<br>জাতীয় বেতন স্কেল, ২০১৫<br>২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড) | ০৪ (চার) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স বা মেকানিক্যাল বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি অথবা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স বা মেকানিক্যাল বিষয়ে এসোসিয়েট মেম্বারশিপ অব দি ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স (এএমআইই) এর পার্ট 'এ' ও 'বি' পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) ইঞ্জিনিয়ার ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি) এর নিবন্ধিত সদস্য হতে হবে। |

**আবেদনপত্র পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়ঃ**

১। **১৭ মে ২০২২** তারিখে আবেদনকারীর বয়স সর্বোচ্চ ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর সর্বোচ্চ বয়স ৩২ বছর গ্রহণযোগ্য হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেবিট গ্রহণযোগ্য হবে না।

২। সরকারি চাকরিতে কর্মরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় বিভাগীয় প্রার্থী (Departmental Candidate) এর ঘরে টিক (√) চিহ্ন দিতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূলকপি জমা দিতে হবে।

৩। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি বিধান অনুসরণ করা হবে।

৪। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৫। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবেন।

৬। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৭। আগ্রহী প্রার্থীগণকে online-এ আবেদন করতে হবে। সে লক্ষ্যে http://mes.teletalk.com.bd ওয়েব সাইটে লগ-ইন করলে একটি লিংক পাওয়া যাবে। ঐ লিংকে প্রবেশ করে সংশ্লিষ্ট নির্দেশনা অনুসারে online-এ আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদন ও ফি জমাদানের সময়সীমা নিম্নরূপঃ

(ক) online -এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখঃ **২৭ এপ্রিল ২০২২;**

(খ) online -এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখঃ **১৭ মে ২০২২;**

(গ) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র Submit -এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

৮। পরীক্ষার ফি বাবদ সকল পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদ্ধতিতে জমা করতে হবে। বিশেষভাবে উল্লেখ্য, **"online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"**

৯। আবেদনপত্র পূরণের পদ্ধতি, শর্তাবলী ও অন্যান্য তথ্যাদি www.mod.gov.bd এবং mes.portal.gov.bd ও www.mes.org.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।

১০। উল্লেখ্য যে, **০৬ জুন ২০১৮** তারিখে সেনাসদর, ই ইন সি'র শাখা, পূর্ত পরিদপ্তর কর্তৃক 'দৈনিক ইত্তেফাক' এবং 'দৈনিক যুগান্তর' পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী যে সকল প্রার্থী সহকারী প্রকৌশলী বি/আর এবং সহকারী প্রকৌশলী ই/এম পদে আবেদন করেছেন তারা সরাসরি বর্ণিত নিয়োগ বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত হবেন। এক্ষেত্রে নতুনভাবে আবেদন করার প্রয়োজন নাই। তবে মৌখিক পরীক্ষার সময় আইইবি এর নিবন্ধিত সদস্য হওয়ার পক্ষে প্রমাণক দাখিল করতে হবে।

আই এস পি আর/সেনা/২৫২
২১/০৪/২২